

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৫৬

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০১, নাপাক ব্যক্তির খিত্বমী (এক ধরনের ঔষধী উদ্ভিদ) মিশ্রিত পানি দ্বারা মাথা ধোয়া

باب فِي الْجُنُبِ يَغْسِلُ رَأْسَهُ بِالْخِطْمِيِّ أَيُجْزِئُهُ ذَلِكَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرِ بْنِ زِيَادٍ، حَدَّثَنَا شَرِيكٌ، عَنْ قَيْسِ بْنِ وَهْبٍ، عَنْ رَجُل، مِنْ بَنِي سُواءَةَ بْنِ عَامِرٍ عَنْ عَائِشَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ كَانَ يَغْسِلُ رَأْسَهُ بِالْخِطْمِيِّ وَهُوَ جُنُبٌ يَجْتَزِئُ بِذَلِكَ وَلَا يَصِبُ عَلَيْهِ الْمَاءَ.

_ ضعيف: المشكاة ٢٤٦

বাংলা

২৫৬। 'আয়িশাহ্ (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খিত্বমী মিশ্রিত পানি দ্বারা জানাবাতের গোসল করতেন এবং একেই যথেষ্ট মনে করতেন, পুনরায় আর পানি ঢালতেন না। [1]

দুৰ্বল : মিশকাত ৪৪৬।

English

'Aishah said:

The Messenger of Allah (May peace be upon him) used to wash his head with marsh-mallow while he was sexually defiled. It was sufficient for him and he did not pour water upon it.

ফুটনোট

[1] বাগাভী এটি 'মাসাবীহুস সুন্নাহ' (১/২১৭, হাঃ ৩০৬) গ্রন্থে বর্ণনা করে বলেন, এর সনদে একজন অজ্ঞাত লোক রয়েছে। যাকে সনদে বনী সুওয়াআর জনৈক ব্যক্তি বলে উল্লেখ করা হয়েছে। মিশকাতের তাহকীকে শায়খ আলবানী (রহঃ) বলেনঃ এর সানাদ দুর্বল এবং উপরোক্ত শব্দে মাতানটি বাতিল।



পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন